গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার
www.moulvibazarsadar.moulvibazar.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৬.৫৮৭৪.০০৫.০২.০০৬.২৬.২১

তারিখ : ২০ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৪ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

## সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী ২০ একর পর্যন্ত (বদ্ধ) জলমহাল ইজারা প্রদানের লক্ষ্যে আবেদন আহ্বান বিজ্ঞপ্তি

এতদ্বারা ভূমি মন্ত্রণালয়ের ২৩ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ তারিখের ৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০২৩.২৫.৭০৪নং প্রজ্ঞাপনের পরিপ্রেক্ষিতে নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/মৎস্যজীবী সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী মৌলভীবাজার সদর উপজেলাধীন ২০ একর পর্যন্ত (বদ্ধ) নিম্নবর্ণিত জলমহালসমূহ ১৪৩৩ বঙ্গাব্দ সনে দখল প্রদানের তারিখ হতে ১৪৩৫ বঙ্গাব্দ সনের ৩০ চৈত্র অর্থাৎ আগামী ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ মেয়াদ পর্যন্ত ইজারা প্রদান করা হবে । বর্ণিত ইজারা ব্যবস্থাপনা নির্ধারিত বর্ষ পঞ্জিকার (Calender Year) মধ্যে নিষ্পন্ন করার লক্ষ্যে নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী ও বর্ণিত শর্তাধীনে অনলাইনে jm.lams.gov.bd ওয়েবসাইটে আবেদন আহ্বান করা যাচ্ছে ।

মৌলভীবাজার সদর উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একর পর্যন্ত (বদ্ধ) সরকারি জলমহাল ব্যবস্থাপনার সিডিউল:

| ক্র. নং | তারিখ | গৃহীতকার্যক্রম |
|---|---|---|
| ১ | ২১ পৌষের মধ্যে<br>(০৫ জানুয়ারির মধ্যে) | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণ আবেদনে জলমহাল ইজারার আবেদন আহ্বান। |
| ২ | ০১ মাঘ থেকে ১৫ মাঘের মধ্যে<br>(১৫ জানুয়ারি থেকে ২৯ জানুয়ারির মধ্যে) | অনলাইনে ইজারার আবেদন দাখিল। |
| ৩ | ১৮ মাঘ থেকে ২০ মাঘের মধ্যে<br>(০১ ফেব্রুয়ারি থেকে ০৩ ফেব্রুয়ারির মধ্যে) | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল। |
| ৪ | ২২ মাঘ থেকে ২৮ মাঘের মধ্যে<br>(০৫ ফেব্রুয়ারি থেকে ১১ ফেব্রুয়ারির মধ্যে) | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। |
| ৫ | ২৯ মাঘ থেকে ০৫ ফাল্গুনের মধ্যে<br>(১২ ফেব্রুয়ারি থেকে ১৮ ফেব্রুয়ারির মধ্যে) | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ৬ | ০৬ ফাল্গুন থেকে ২৬ ফাল্গুনের মধ্যে<br>(১৯ ফেব্রুয়ারি থেকে ১১ মার্চ) | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। |
| ৭ | ২৭ ফাল্গুন থেকে ০২ চৈত্রে মধ্যে<br>(১২ মার্চ থেকে ১৬ মার্চের মধ্যে) | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ। |
| ৮ | ০৩ চৈত্র থেকে ১৫ চৈত্রের মধ্যে<br>(১৭ মার্চ থেকে ২৯ মার্চের মধ্যে) | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে ইজারা চুক্তি সম্পাদন |
| ৯ | ০১ বৈশাখ (১৪ এপ্রিল) | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ মেয়াদে ইজারাযোগ্য জলমহালের তালিকাঃ

| ক্র. নং | জলাশয়ের নাম | তফসিল | | | গত ০৩ বছরের গড় ইজারামূল্য | ৫% বর্ধিত হারে সরকারী ইজারা মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজা | দাগ নং | আয়তন (একর) | | | |
| ০১ | ফারচার কোনার খেও | বুদ্ধিমন্তপুর | ১, ৪ | ১.৯২ | ৫,৫১২/- | ৫,৭৮৮/- | |
| ০২ | কারা কোদালীছড়া (বদ্ধ) | রাধাকান্তপুর | ২৪১ গং | ১.২১ | ৫০০/- | ৫২৫/- | |
| ০৩ | শেওলা চুরকি বিল | নাজিরাবাদ | ৬৮ গং | ৬.৪১ | ৩৬,১৭৩/- | ৩৭,৯৮২/- | |
| ০৪ | খৈয়া চাপড়া বিল | মানিক হাওর | ২১৪৫ | ১.৩৮ | ৫২৫/- | ৫৫১/- | |
| ০৫ | ক্ষিরাউনার খাল | সাধুহাটি | ৫৬৩ গং | ২.৭৬ | ২,০০০/- | ২,১০০/- | |
| ০৬ | কাটা বিলের কোনার খেও | আগিউন | ৪৬৩ | ০.৩৯ | ৪২০/- | ৪৪১/- | স্বত্ত মামলা নং ৬৭/২০০১ |
| ০৭ | মহীজান খালের খেও | পদিনাপুর | ৩০১৫ | ০.২৬ | ১,০০০/- | ১,০৫০/- | |
| ০৮ | ইট কামলা খালের খেও | নারাইনপাশা | ২৫৬ | ০.২৬ | ৫২৫/- | ৫৫১/- | |
| ০৯ | কলিমা বিল | গোরারাই, ধরাধরপুর | ৫৯৮<br>২৭৫ | ৫.৭৪ | ৪,০০০/- | ৪,২০০/- | |
| ১০ | দশরথের খেও | বুদ্ধিমন্তপুর | ১, ৪ | ১.৯২ | ৫০০/- | ৫২৫/- | |
| ১১ | চারিয়া বিল | আখাইলকুড়া | ৮৪০,৮৪১ | ০.১১ | ২০০/- | ২১০/- | |
| ১২ | কচমা খালের খেও | সাতবাঁক | ১৩ গং | ০.৫০ | ৫০০/- | ৫২৫/- | |

CS CamScanner

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১৩ | বুড়িয়ার খেও | বুদ্ধিমন্তপুর | ১০ | ১.৭৩ | ২,০০০ | ২,১০০/- | |
| ১৪ | নারাইনপাশা কারা (বদ্ধ) | নারায়নপাশা, বরইউরি | ৭৩৩ ৩১৩৪ | ৮.৮৮ | ২,৩১৫/- | ২,৪৩১/- | |
| ১৫ | মনু জলকর (বদ্ধ) | মঙ্গনপুর | ১৭৯ | ৩.৭৫ | ৩,১৫৭/- | ৩,৩১৫/- | |
| ১৬ | হুগলিয়া বৈসানাগের ডোবা | আটঘর | ২০৯৪ | ১.৩০ | ১,৫০০/- | ১,৫৭৫/- | স্বত্ব মামলা নং ২০৫/২০০৯ |
| ১৭ | পাবি জুরি বিল | নরিয়া | ৯২২ | ৪.৭৫ | ২,৩১৫/- | ২,৪৩১/- | |
| ১৮ | হারা বিল | গোবিন্দপুর চক | ৫৫,৫৬ | ৯.৭৯ | ৫,০০০/- | ৫,২৫০/- | |
| ১৯ | সুমিত্তা কুড়ির ডোবা | চূড়াহূন | ৯৪৫ ৯৪৭ | ১.১৩ | ১,০৫০/- | ১,১০৩/- | স্বত্ব মামলা নং ১৮০/৯৮ |
| ২০ | হারুয়া বিল | পদিনাপুর | ২৪৫৬ | ৩.৪৫ | ৩,০০০/- | ৩,১৫০/- | |
| ২১ | মালি চারুয়া বিল | পদিনাপুর | ৬৬ | ২.৯২ | ১,০০০/- | ১,০৫০/- | |
| ২২ | কালাপানির খেও | দামিয়া | ৫৩৮ | ০.৪০ | ৫০০/- | ৫২৫/- | |
| ২৩ | বড়গ্রিম বিল | পদিনাপুর | ৬২৩৬ | ৪.৭৮ | ৪,০০০/- | ৪,২০০/- | |
| ২৪ | চারালিয়া বিল | নাজিরাবাদ | ১৫৩৬ | ৫.১২ | ৩,০০০/- | ৩,১৫০/- | স্বত্ব মামলা নং ১৬/১৯৯৩ |
| ২৫ | জুরি বিল | কাটারাই | ১২৪৭ | ১১.৫৬ | ৫,০০০/- | ৫,২৫০/- | |
| ২৬ | কুমিরমারা বিল | চিন্তামনি | ১২১ | ০.৮৯ | ১,০৫০/- | ১,১০৩/- | |
| ২৭ | মহীজান বিল | পদিনাপুর | ২৯৯৪ গং | ১.৯৯ | ১৪,১০০/- | ১৪,৮০৫/- | |
| ২৮ | সিংরা বিল | ছিকরাইল | ১৮৫৫ | ৩.০৫ | ৩,০০০/- | ৩,১৫০/- | |
| ২৯ | কুড়ি বিল | উদারাই | ৬২৮ | ০.৩৬ | ৫২৫/- | ৫৫১/- | |
| ৩০ | কাজুরা বিল | আনিকেলীবুদা | ৯৩ | ০.৮০ | ৫০০/- | ৫২৫/- | |
| ৩১ | লরি বিল | মানিকহাওর | ১২১ | ১.৫৮ | ১,০৩৩/- | ১,০৮৪/- | |
| ৩২ | সিংরানী বিল | চুড়াহুন-খুশলপুর | ৬৮৯১ | ১.৭০ | ২,০০০/- | ২,১০০/- | |
| ৩৩ | কোটা বিল | মানিক হাওর | ৫৯৯ | ০.৮৪ | ১,০০০/- | ১,০৫০/- | রিট পিটিশন মা.নং ২৪৩০/২৪ |
| ৩৪ | চাংগা ( চেংগা) বিল | ঝাকান্দি | ১১৮৭ | ৩.১৪ | ৪,৬০৫/- | ৪,৮৩৫/- | |
| ৩৫ | বালামিয়া বিল | আটঘর | ৬৭২৯ | ৬.২৪ | ২,০০০/- | ২,১০০/- | |
| ৩৬ | জলবুরা বিল | রনবীম | ১ | ০.৮৬ | ১,০০০/- | ১,০৫০/- | |
| ৩৭ | ফাটা চাপড়া বিল | আগিউন | ১২ | ১.০৪ | ৮৮৮/- | ৯৩২/- | |
| ৩৮ | ভাটি (বদ্ধ) | বীরগাঁও পদিনাপুর | ২৭গং | ১৮.৫৮ | ৪৮,৮৯৮/- | ৫১,৩৪৩/- | |
| ৩৯ | হামুয়া বিল | রাঞ্জুনিয়া | ৮৭০ | ১.৭৮ | ৭৬৮৩/- | ৮০৬৭/- | |
| ৪০ | ধোপা খালের খেও | পদিনাপুর | ২২৭৪গং | ৩.৯৮ | ৩২৬০৮/- | ৩৪,২৩৮/- | |
| ৪১ | বড় আটাইলজুরী বিল | বীরগাঁও | ৮২৮ | ১০.৬৬ | ২৫,৫২৭/- | ২৬,৮০৩/- | |
| ৪২ | ধুন্দা কারিয়া দীঘাবিল | বীরগাঁও | ২৯৭গং | ৮.৬৫ | ৬৫৫৬/- | ৬৮৮৪/- | |
| ৪৩ | ছোটকুমা বিল | গোবিন্দপুর | ১০৩,৭ | ১.৩৫ | ১০,৫০০/- | ১১,০২৫/- | |
| ৪৪ | হাটঘাটের খেও | গোবিন্দপুর | ৫২৮,১ | ৪.২৫ | ৩৫,৮৫৯/- | ৩৭,৬৫২/- | |
| ৪৫ | ফাটা বিল | আটঘর | ২১৩১ | ৩.৩৯ | ৩৮,২৯০/- | ৪০,২০৫/- | |
| ৪৬ | বেকামুড়া পুকুর | বেকামুড়া | ৩২৮৯ | ১.৭৬ | ১৫,৪০০/- | ১৬,১৭০/- | |
| ৪৭ | বৌলা বিল | আনিকেলিবড় | ৫০৭৭ | ৪.৯৬ | ৯,৪৪৬/- | ৯,৯১৮/- | |
| ৪৮ | কাটা খালের খেও | আটঘর | ২১৭০গং | ১.৫২ | ৬২৯/- | ৬৬০/- | |
| ৪৯ | কচু বিল | বরইউরি | ৬৬ | ৬.৩০ | ২৯,০১৫/- | ৩০,৪৬৬/- | |
| ৫০ | চান্দপুর ডুবি | চান্দপুর | ১২৭ | ০.৩০ | ৭,৬৪১/- | ৮,০২৩/- | |
| ৫১ | বড়কুমা বিল | গোবিন্দপুর | ১২ | ১১.৩০ | ৪০,৫১৮/- | ৪২,৫৪৪/- | |
| ৫২ | কালনি বিল | পদিনাপুর | ৫১৭৬/ ৫৪৪৪ | ১.০২ | ১,১৩,৫৮৬/- | ১,১৯,২৬৫/- | |

**২০ একর পর্যন্ত (বদ্ধ) সরকারি জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রদানের শর্তাবলীঃ**

১. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী বদ্ধ অলমহাল ইজারা গ্রহণে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি উক্ত নীতিতে বর্ণিত প্রয়োজনীয় তথ্য ও দলিলাদিসহ নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে ইজারার জন্য আবেদন দাখিল করতে পারবে। অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েবসাইট অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

২. উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক জলমহাল ইজারার জন্য অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমা ০১ মাঘ থেকে ১৫ মাঘের মধ্যে (১৫/০১/২০২৬ হতে ২৯/০১/২০২৬ খ্রি.) অফিস চলাকালীন সময় পর্যন্ত। অনলাইনে আবেদন দাখিলের পর আবেদনে বর্ণিত তথ্যাদির গোপনীয়তা প্রযুক্তিগতভাবে আবেদন দাখিলের শেষ সময়সীমা পর্যন্ত সংরক্ষণ করা হবে। তবে দাখিলকারী আবেদন দাখিলের পর আবেদনের সকল তথ্যাদির প্রিন্টিং কপি সংগ্রহ করতে পারবে।

৩. অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ৩(তিন) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদি প্রিন্টিং কপিসহ জলমহাল ইজারার জন্য জামানত বাবদ জলমহাল ইজারামূল্যের ২০% উপজেলা নির্বাহী অফিসার, মৌলভীবাজার সদর এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মৌলভীবাজার সদর এর অনুকূলে দাখিল

CamScanner

করতে হবে। শেষ বছরের ইজারামূল্যের সাথে উক্ত টাকা সমন্বয় করা হবে। জামানত বাবদ দাখিলকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর সঠিকতা যাচাই এর স্বার্থে ব্যাংক হতে আবেদনকারী বরাবর সরবরাহকৃত (যিনি আবেদন জমা করবেন তার নামে ব্যাংক হতে ইস্যুকৃত) জামানতের পে-স্লিপ (জমার বিবরণ) অবশ্যই আবেদনের সাথে জমা প্রদান করতে হবে। সীলগালাকৃত উল্লিখিত খামের উপরিভাগে জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বাম পার্শ্বে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখিত থাকতে হবে।

৪. আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতিকে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সদস্য সচিবের সীল সম্বলিত স্বাক্ষরযুক্ত নির্দিষ্ট ফরম সংগ্রহ করে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্ট ও লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্রসহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে। এ ছাড়া সংশ্লিষ্ট মৎস্যজীবী সংগঠন/সমিতিকে ৩ (তিন) বছর মেয়াদী লীজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/উৎপাদন সুষ্ঠু ব্যবস্থাপনা পরিকল্পনা/রূপরেখা সংযুক্ত করতে হবে। আবেদন অসম্পূর্ণ থাকলে তা বাতিল যোগ্য হবে।

৫. আবেদনসমূহ যাচাই বাছাইয়ের পর উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় আবেদনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

৬. যে কোন জলমহালের ইজারার বিষয়ে জলমহালের নিকটবর্তী/তীরবর্তী মৎস্যজীবী সমবায় সমিতি/মৎস্যজীবী সংগঠনকে অগ্রাধিকার দেয়া হবে।

৭. নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবী সমিতি (সমবায়/সমাজসেবা কর্তৃক নিবন্ধিত) জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে। উক্ত সমিতিতে যদি প্রকৃত মৎস্যজীবী নন এমন কোন সদস্য থাকেন তা হলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবে না।

৮. জলমহাল ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তিটি www.moulvibazarsadar.moulvibazar.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে।

৯. ইজারা গ্রহীতাকে প্রত্যেক বছরের ইজারামূল্যের উপর সরকারি ধার্যকৃত ভ্যাট ও আয়কর পরিশোধ করতে হবে।

১০. জলমহালের আশে পাশে কোন মৎস্যজীবী সমবায় সমিতি পাওয়া না গেলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট জলমহালের চার পাশের নিকটবর্তী অবস্থানে বসবাসরত (বেকার যুবক, মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধাদের সন্তান, যুব মহিলা, বিধবা ও স্বামী পরিত্যক্তা, আনসার, ভিডিপি ও গ্রাম পুলিশ সদস্য, দরিদ্র ও অসচ্ছল ব্যক্তি) সমন্বয়ে গঠিত সমিতি (যাহা সমবায়/সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধিত) বিধি মোতাবেক আবেদনের যোগ্য হবেন।

১১. কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন/সমিতি সরকারী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবেন না।

১২. জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত স্থানীয় প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে বন্দোবস্তের ক্ষেত্রে অগ্রাধিকার পাবে। যদি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবী সংগঠন পাওয়া না যায় সেক্ষেত্রে অন্যান্য পার্শ্ববর্তী উপজেলা/জেলা মৎস্যজীবী সংগঠন/সমিতিকে জলমহাল বন্দোবস্ত প্রদানের বিষয় বিবেচনা করা যাবে।

১৩. আবেদনকারী সমবায় সমিতি বা অন্য কোন সমিতি, বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরূপ জেলা বা উপজেলা সমবায় কর্মকর্তা/সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র এবং বিগত ০২ বৎসরের অডিট রিপোর্ট দাখিল করবেন। তবে নতুন নিবন্ধনকৃত মৎস্যজীবি সমবায় সমিতির ক্ষেত্রে অডিট রিপোর্ট প্রযোজ্য হবে না।

১৪. আবেদনকারী সংগঠন/সমিতি নির্ধারিত ফরমে আবেদনপত্র দাখিলের সময় তাদের সদস্যগণের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করবেন।

১৫. আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতি কোন জঙ্গি সম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারা মূল্য পরিশোধ খেলাপী হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে উক্ত সংগঠন/সমিতি জলমহাল বন্দোবস্ত পাওয়ার যোগ্য হবে না।

১৬. বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট জলমহালের জন্য দাখিলকৃত ইজারা মূল্যের ২০% ব্যাংক পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট জামানত হিসেবে উপজেলা নির্বাহী অফিসার, মৌলভীবাজার সদর এর অনুকূলে আবেদনের সাথে দাখিল করতে হবে। লীজপ্রাপ্ত সমিতির জামানতের অর্থ ইজারার শেষ বছরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে। লীজপ্রাপ্ত হয়নি এমন সমিতির পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ফেরত প্রদান করা হবে। পূর্ববর্তী ৩ বৎসরের সর্বোচ্চ ইজারা মূল্যের ৫% বর্ধিত হারে আবেদনপত্র দাখিল করতে হবে।

১৭. কোন নির্দিষ্ট জলমহালের বিপরীতে এক বা একাধিক সমিতি/সংগঠন আবেদন করলে এবং সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর যাবতীয় শর্তের আলোকে উপযুক্ত বিবেচিত হলে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক আলাপ আলোচনার মাধ্যমে একটি নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সংগঠন/সমিতিকে সংশ্লিষ্ট জলমহাল ইজারা/ বন্দোবস্ত প্রদান করা হবে।

১৮. সময়মত লীজমানি পরিশোধ না করা, তথ্য গোপন করা কিংবা অন্য কোন অনিয়মের কারনে কোন জলমহালের লীজ বাতিল করা হলে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি উক্ত জলমহাল পুনরায় যথা নিয়মে লীজ প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন।

১৯. বন্দোবস্ত গ্রহীতা সংশ্লিষ্ট জলমহালের বছর ভিত্তিক উন্নয়ন কার্যক্রম সম্বলিত তথ্য উপজেলা নির্বাহী অফিসারকে অবগতির জন্য পেশ করবেন, যা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সরেজমিনে পরিদর্শন/যাচাই করবেন। কোন অনিয়ম পরিলক্ষিত হলে আইন/বিধিগত ব্যবস্থা গ্রহণ করবেন।

২০. লীজ গ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তা করে থাকেন, তা হলে উক্ত লীজ বাতিল করা হবে। জমাকৃত লীজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে এবং উক্ত লীজগ্রহীতা মৎস্যজীবী সংগঠন/সমিতি পরবর্তী বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।

(ক) উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে বন্দোবস্ত প্রাপ্ত প্রকৃত মৎস্যজীবী সমিতি/ সংগঠনকে ১ম বছরের সমুদয় রাজস্ব ও অন্যান্য করাদি সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে সমুদয় ইজারা মূল্য জলমহাল ও পুকুর ইজারা সংক্রান্ত ১-৪৬০৩-০১১২-৪৭২৭ নং কোডে অনলাইন চালানের মাধ্যমে জমা প্রদান করতে হবে। অন্যথায় জামানত বাজেয়াপ্ত করে পুনরায় আবেদন আহ্বান করা হবে। নীতিমালা অনুসারে প্রত্যেক বছরের ইজারা মূল্যের সাথে ১৫% হারে ভ্যাট ও ১০% আয়কর পরিশোধ করতে হবে। সম্পূর্ণ টাকা পরিশোধের পর বন্দোবস্ত গ্রহীতা লীজ চুক্তিপত্র সম্পাদনক্রমে জলমহালের দখল বুঝে নিবেন।

(খ) ২য় বছরের সম্পূর্ণ ইজারা মূল্য ও আয়কর, ভ্যাটসহ ১ম বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে এবং পরবর্তী বছর সমূহের ইজারা মূল্য একই ভাবে পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যুক্তিসংগত কারণ ব্যতীত সমুদয় ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে উপজেলা নির্বাহী অফিসার ইজারা বাতিল করবেন এবং জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

২১. (ক) ইজারা/বন্দোবস্ত বাতিলকৃত জলমহাল/জলাশয় উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি বিধি মোতাবেক পুনঃ ইজারার ব্যবস্থা করবেন।

(খ) ইজারা মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলমহালের উপর ইজারা গ্রহীতার সকল অধিকার বিলুপ্ত হবে।

CamScanner

২২. ইজারা মেয়াদ শেষে কোন জলমহালের উপর ইজারা গ্রহীতার কোন প্রকার দাবী/অধিকার/স্বত্ব থাকবে না এবং উক্ত জলমহালের সকল অধিকার,স্বত্ব ও দখল স্বয়ংক্রিয়ভাবে উপজেলা নির্বাহী অফিসার তথা সরকারের নিকট ন্যস্ত হবে।
২৩. ইজারার মেয়াদ শেষ হলে মাছ সংগ্রহের জন্য অতিরিক্ত কোন সময় মঞ্জুর করা যাবে না।
২৪. সরকার নির্ধারিত ইজারা মূল্য অপেক্ষা কম মূল্যে কোন জলমহাল ইজারা দেওয়া হবে না।
২৫. কোন মৎস্যজীবি সমবায় সমিতি/ সংগঠন/সমিতি দুটির অধিক জলমহাল ইজারা বন্দোবস্ত পাবে না।
২৬. কোন জলমহালের বিষয়ে মহামান্য হাইকোর্ট/বিজ্ঞ দেওয়ানী আদালত/ভূমি মন্ত্রণালয়/ভূমি আপীল বোর্ড/বিজ্ঞ রাজস্ব আদালতের মামলায় স্থগিতাদেশ/স্থিতাবস্থা/নিষেধাজ্ঞার আদেশ প্রত্যাহারের পর পরিচালিত হবে।
২৭. জলমহাল বন্দোবস্ত সম্পর্কিত যাবতীয় তথ্য উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।
২৮. বন্দোবস্তকৃত/ইজারাকৃত জলমহালের কোথাও প্রবাহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবে না।
২৯. যে সকল জলমহাল থেকে জমিতে পানি সেচ প্রদানের সুযোগ রয়েছে সেখানে থেকে সেচ মৌসুমে সেচ প্রদান বিঘ্নিত করা যাবে না। ইজারাকৃত বদ্ধ জলমহালে মৎস্য চাষের ক্ষতি না করে পরিমিত পর্যায়ে সেচ কার্যক্রম পরিচালনার সুযোগ থাকবে।
৩০. ইজারাকৃত জলমহালে কোন রাক্ষুসে মাছ অথবা অননুমোদিত বিদেশী প্রজাতির মাছ চাষ করা যাবে না। বন্দোবস্ত গ্রহীতা সরকারী জলমহালে বিষ প্রয়োগ করে কিংবা নিষিদ্ধ ঘোষিত জাল দ্বারা বা মৎস্য আইনে নিষিদ্ধ অন্য কোন উপায়ে মৎস্য শিকার করতে পারবে না।
৩১. জলমহালসমূহের তীরবর্তী সরকারি ভূমিতে পরিবেশ বান্ধব করচ গাছের সৃষ্টি করতে হবে, যা মাছের নিরাপদ আশ্রয়ভূমি হিসেবে গণ্য হবে।
৩২. সরকারি জলমহালের পাড়ে সামাজিক বনায়নের বনজ সম্পদ বৃদ্ধির জন্য ইজারা গ্রহীতা সমিতি চুক্তিবদ্ধ থাকবেন।
৩৩. বর্তমানে প্রচলিত নীতিমালা এবং এ বিষয়ে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সকল বিধি-বিধান/আইন-কানুন ইজারা গ্রহীতা মানতে বাধ্য থাকবেন।
৩৪. জলমহাল ইজারার মেয়াদ ১লা বৈশাখ হতে কার্যকর হবে এবং বছরের যে কোন সময়ে জলমহালের ইজারা গ্রহণ করলেও ইজারা মেয়াদ ১লা বৈশাখ হতে কার্যকর হবে এবং শেষ বছরের ৩০ চৈত্র তারিখে তা শেষ হবে। এই সময়ের মধ্যে যদি কোন কারণে খাস কালেকশন করা হয় তবে তা সরকারি খাতে জমা হবে, ইজারাপ্রাপ্ত সমিতি/সংগঠন পাবে না।
৩৫. প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হতে পারে এ ধরনের কোন কার্যক্রম গ্রহণ করা যাবে না। জলমহালে প্রাকৃতিক পরিবেশ পরিবর্তনসহ কোন প্রকার ক্ষতি সাধন করা যাবে না। এরুপ করা হলে বন্দোবস্ত বাতিল করা হবে।
৩৬. বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখসমূহের মধ্যে অফিস চলাকালীন সময়ে যে কোন তফসিলি ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, মৌলভীবাজার সদর এর অনুকূলে ৫০০.০০ (পাঁচশত) টাকা অফেরতযোগ্য মূল্যে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল সাপেক্ষে আবেদন ফরম ক্রয় করে পূরণকৃত আবেদন ফরমটি স্ক্যান করে দাখিলপূর্বক ফরমের মূলকপি অন্যান্য প্রিন্টেড কপির সাথে পরবর্তীতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে জমা প্রদান করতে হবে।
৩৭. সর্বাবস্থায় সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ অনুসরণ করা হবে। অর্থাৎ এই নীতিমালার আলোকে বন্দোবস্ত প্রদান করা হবে
৩৮. ইজারার বিষয়ে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
৩৯. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৪/২/২৬

(মো. রাজিব হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থপনা কমিটি
ই-মেইল: unomoulvibazar@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৬.৫৮৭৪.০০৫.০২.০০৬.২৬.২১

তারিখ: ২০ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৪ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
৩। জেলা প্রশাসক, মৌলভীবাজার
৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মৌলভীবাজার
৫। সহকারী কমিশনার (ভূমি) (সকল), মৌলভীবাজার
৬। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মৌলভীবাজার সদর
৭। জেলা তথ্য অফিসার, মৌলভীবাজার
৮। উপজেলা সমাজসেবা/সমবায় অফিসার, মৌলভীবাজার সদর। বিজ্ঞপ্তিটি সকল মৎস্যজীবী সমবায় সমিতি লিমিটেডকে অবহিত করতে অনুরোধ করা হলো।
৯। উপজেলা ..........................................কর্মকর্তা (সকল), মৌলভীবাজার সদর
১০। চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান,---------------------------ইউপি (সকল), মৌলভীবাজার সদর। বিজ্ঞপ্তিটি মাইক ও ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১১। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা--------------------------------(সকল), মৌলভীবাজার সদর। বিজ্ঞপ্তিটি মাইক ও ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১২। সম্পাদক, দৈনিক----------------------------------। এতদসঙ্গে ০১ কপি বিজ্ঞপ্তি প্রেরণ করা হলো। বিজ্ঞাপনটি তার দৈনিক পত্রিকায় ভিতরের পাতায় সীমিত পরিসরে (Single space) আগামী-------------------খ্রিস্টাব্দ তারিখের মধ্যে কেবলমাত্র ০১ দিনের জন্য (সরকারি ছুটির দিন ব্যতীত) প্রকাশ করার এবং বিজ্ঞাপনটি প্রকাশের ০৭ কার্যদিবসের মধ্যে ০৫টি পত্রিকার কপিসহ বিজ্ঞাপন বিল এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

১৩। জনাব--------------------------, সভাপতি/সম্পাদক,---------------------মৎস্যজীবী সমবায় সমিতি লি., মৌলভীবাজার

১৪। নোটিশ বোর্ড/অফিস কপি।

০৪/০১/২৫

(লুৎফুন নাহার শারমীন)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থপনা কমিটি
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার

CS CamScanner